



স্মারক ও তারিখ একই রেখে পত্রের সংশোধনী আনা হলো।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.iessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ:

বিষয় : মাধ্যমিক (নবম/দশম) পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের নথি নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.১২৭.১৭-৪৬২ তারিখ- ২৫-১১-২০১৯ খ্রি.

খ) প্রধান শিক্ষকের ১১-১২-২০১৯ খ্রি. তারিখ অনলাইনের আবেদন আইডি নং- ২০৯৪১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ফুলতলা উপজেলাধীন রহমানিয়া এলিমেন্টারি স্কুল-এর মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী জমির শর্ত ০৬(ছয়) মাসের মধ্যে পূরণ করতে হবে এবং নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৯ খ্রি. তারিখ হতে নবম শ্রেণিতে এবং ০১-০১-২০২০ খ্রি. তারিখ হতে দশম শ্রেণিতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে।
- ২। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ৩। নবম/দশম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০৩ (তিন) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২-২০২১ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ৪। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠদানের অনুমতি নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলি যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৬। এই পত্র ইস্যুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্যে প্রবিধান মালা ২০০৯ এর ৪৮ ধারা মোতাবেক মোট ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি “নির্বাহী কমিটি” গঠন পূর্বক বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য অস্থায়ী স্বীকৃতি না পাওয়া পর্যন্ত এই নির্বাহী কমিটি দ্বারা বিদ্যালয় পরিচালিত হবে এবং যে সকল বিদ্যালয়ে অনুমোদিত নির্বাহী/ম্যানেজিং কমিটি আছে, তাদের ক্ষেত্রে নতুনভাবে কমিটি গঠনের প্রয়োজন নেই।
- ৭। আগামীতে পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে।
- ৮। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৯। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না।
- ১০। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- ১১। লাইব্রেরীতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে।
- ১২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ১৩। বাংলা একাডেমী প্রকাশিত অভিধানসমূহ ক্রয় করতে হবে।

স্বাক্ষর :

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

তারিখ: ০৬/১২/২০২০

প্রধান শিক্ষক

রহমানিয়া এলিমেন্টারি স্কুল (১৩৮৪৮৫)

ডাক : পায়গ্রাম কসবা, উপজেলা : ফুলতলা, জেলা : খুলনা।

স্মারক নং-বিঅ-৬/

৩৩৬-৩৩

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ):
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ১০। সংরক্ষণ নথি

স্বাক্ষর

০৬.১২.২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড